

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২০.১৮.

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৬
২৩ ফেব্রুয়ারি ২০২০

দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ

যেহেতু, আপনি ড. মোহাম্মদ আনোয়ারুল কবীর চৌধুরী (১৩০০১), সহকারি অধ্যাপক (রসায়ন), সরকারি ইয়াছিন কলেজ, ফরিদপুর গত ০১.০৭.২০১৭ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, আপনি উক্ত নোটিশের জবাব প্রদান করেননি। পরবর্তীতে বিধি অনুযায়ী তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তদন্তে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

সেহেতু, আপনি ড. মোহাম্মদ আনোয়ারুল কবীর চৌধুরী (১৩০০১), সহকারি অধ্যাপক (রসায়ন), সরকারি ইয়াছিন কলেজ, ফরিদপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় কেন উক্ত বিধিমালার ৪(৩)(ঘ) অনুসারে আপনাকে "চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)" দণ্ড বা অন্য কোন দণ্ড দেয়া হবে না তার জবাব একই বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক কারণ দর্শানো নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর দাখিল করার জন্য নির্দেশ দেয়া হলো। এতৎসঙ্গে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক প্রেরিত প্রতিবেদনের একটি কপিও যুক্ত করা হলো।

স্বাক্ষরিত/-

২৩.০২.২০২০

(মোঃ মাহবুব হোসেন)

সচিব

সংযুক্ত: প্রতিবেদন ০৩ (তিন) পাতা।

বর্তমান কর্মস্থল:

ড. মোহাম্মদ আনোয়ারুল কবীর চৌধুরী (১৩০০১)
সহকারি অধ্যাপক (রসায়ন), সরকারি ইয়াছিন কলেজ, ফরিদপুর।

স্থায়ী ঠিকানা:

ড. মোহাম্মদ আনোয়ারুল কবীর চৌধুরী
গ্রাম- খনকারী পাড়া
ডাকঘর-নবীগঞ্জ, থানা-নবীগঞ্জ, জেলা- হবিগঞ্জ।

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২০.১৮. ৯০/০(২)

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৬
২৩ ফেব্রুয়ারি ২০২০

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোঃ ফরহাদ হোসেন)
উপসচিব